

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | ٱلشُّعَرَاء

আয়াতঃ ২৬:৩

💵 আরবি মূল আয়াত:

لَعَلَّكَ بَاخِعٌ نَّفسكَ اللَّا يَكُونُوا مُؤمِنِينَ ﴿٣﴾

🗚 অনুবাদসমূহ:

তারা মুমিন হবে না বলে হয়ত তুমি আত্মবিনাশী হয়ে পড়বে। — আল-বায়ান তুমি হয়ত এ দুঃখে তোমার প্রাণনাশ করবে যে, তারা মু'মিন হচ্ছে না। — তাইসিরুল তারা মু'মিন হচ্ছেনা বলে তুমি হয়ত মনকষ্টে আত্মবিনাশী হয়ে পড়বে। — মুজিবুর রহমান

Perhaps, [O Muhammad], you would kill yourself with grief that they will not be believers. — Sahih International

৩. তারা মুমিন হচ্ছে না বলে আপনি হয়ত মনোকষ্টে আত্মঘাতী হয়ে পড়বেন।

তাফসীরে জাকারিয়া

(৩) ওরা বিশ্বাস করে না বলে তুমি হয়তো মনঃকষ্টে আত্মঘাতী হয়ে পড়বে। [1]

[1] নবী (সাঃ)-এর অন্তরে মানুষের প্রতি যে মমতা এবং তাদের হিদায়াতের জন্য তাঁর অন্তরে যে ব্যাকুলতা অনুভব করতেন তারই বহিঃপ্রকাশ ঘটেছে এখানে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2935

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন